

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৯/২০১৬

অভিযোগকারী : জনাব অরূপ রায়

পিতা-উৎপল রায়
প্রথম আলো সাভার কার্যালয়
৫১/এ সাভার বাজার রোড
উপজেলা-সাভার, জেলা-ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ মমিনুর রহমান

এজিএম (এমএস)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গেভা, সাভার, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৮-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী তার দাখিলকৃত ১৫৯/২০১৫ নং অভিযোগের বিষয়ে জনাব মোঃ মমিনুর রহমান, এজিএম (এমএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেভা, সাভার, ঢাকা-এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ১৫৯/২০১৫ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কোন তথ্য সরবরাহ করেননি। যাচিত তথ্য পেতে পুনরায় ১১-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

১৫৯/২০১৫ নং অভিযোগে অভিযোগকারীর যাচিত তথ্যসমূহ নিম্নরূপ -

- ক) ২০১১ সাল থেকে ২০১৫ সালের মার্চ মাস পর্যন্ত ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর আওতাধীন এলাকায় মেরামত/সংস্কার ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য মোট কত টাকা খরচ হয়েছে। প্রকল্প বা কাজের নাম ও বর্ণনাসহ খাতওয়ারী খরচের পরিমাণ।
- খ) ঠিকাদারের মাধ্যমে কাজ করা হয়ে থাকলে ঠিকাদারী প্রতিষ্ঠান ও মালিকের নামসহ ঠিকানা।
- গ) মেরামত/সংস্কার কাজের সর্বশেষ অবস্থা।

২। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৮-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৩। শুনানীতে অভিযোগকারী অনুপস্থিত ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মমিনুর রহমান, এজিএম (এমএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেভা, সাভার, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, চাহিত তথ্য অভিযোগকারীর ঠিকানায় প্রেরণ করা হয়েছে। অভিযোগকারীর পক্ষ থেকে জনাব আজিজুল হক গত ০১.১১.২০১৫ তারিখে তা গ্রহণ করা হয়েছে।

৪। তথ্য মূল্য গ্রহণপূর্বক অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহের জন্য কমিশন অভিমত ব্যক্ত করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাতে সম্মতি জ্ঞাপন করেন।

পর্যালোচনা

প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন, কিন্তু জনৈক আজিজুল হক তা গ্রহণ করেছেন। অন্যদিকে ক অভিযোগকারী অনুপস্থিত থাকায় তিনি তথ্য পেয়েছেন কিনা তা জানা যায় নি। কাজেই তথ্য আবেদনকারীকে তথ্য সরবরাহ না করায় তথ্য মূল্য গ্রহণপূর্বক অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য পুনরায় সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরবর্তী ০৫ দিনের মধ্যে পরিশোধের জন্য অভিযোগকারীকে পত্র দিতে এবং মূল্য পরিশোধ করা হলে অভিযোগকারীকে তার প্রার্থীত সকল তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ মমিনুর রহমান, এজিএম (এমএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]